ছাত্রকল্যাণ পরিদপ্তর
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৬৬৫৬২৩, পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০ এক্স-৭১৪৩
ফ্যাক্স: + ৮৮০ ২ ৮৬১৩০২৬

Directorate of Students' Welfare
Bangladesh University of Engineering and Technology
Dhaka-1000, Bangladesh
Tel. 9665623, PABX: 9665650-80 Ext.7143
Fax: + 880 2 8613026 E-mail:dsw @ dsw. buet. ac.bd

নং- ডি.এস.ডাব্লিউ/বিবিধ/ডি.আর.- ৯৪২

তারিখ ঃ ১৮/০২/২০২০

বিশেষ জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ শিক্ষাবর্ষের নবাগত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ২২ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ থেকে শুরু হবে। নবাগত কোন শিক্ষার্থীকে কোন সিনিয়র শিক্ষার্থী র‍্যাগিং এর নামে অথবা অন্য কোনভাবে কোনরূপ হয়রানি করলে বা তাদের সাথে কোনরূপ অশোভন আচরন করলে সংশ্লিষ্ট দোষী শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী অপরাধভেদে হল থেকে বহিস্কার/আর্থিক জরিমান/এমনকি বশ্বিবিদ্যালয় থেকে চিরতরে বহিস্কার করা হবে ।

নবাগত ছাত্র-ছাত্রীদের সহযোগীতা করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি উচ্চপর্যায়ের ভিজিল্যান্স টীম গঠন করেছেন। এর সম্মানিত সদস্যবৃন্দ রাত-দিন (২৪ ঘন্টা) সক্রিয় থাকবেন। ছাত্র-ছাত্রীগণ কোন প্রকার অসুবিধার সম্মুখীন হলে তাৎক্ষণিকভাবে ভিজিল্যান্স টীমের নিম্নোক্ত মোবাইল নম্বরসমূহে যোগাযোগ করতে বলা হচ্ছে। উল্লেখ্য যে, ভিজিল্যান্স টীম কারো বিরুদ্ধে কোনরূপ অভিযোগ পেলে সাথে সাথে ঘটনাস্থলে উপস্থিত হয়ে কোন প্রকার কারণ দর্শানো/নোটিশ ছাড়াই অভিযুক্তদের বিরুদ্ধে প্রমান সাপেক্ষে তাৎক্ষণিকভাবে সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করতে পারবেন। এ ব্যাপারে ভিজিল্যান্স টীম ও নবাগত ছাত্র-ছাত্রীদের সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে।

ভিজিল্যান্স টীমকে তথ্য প্রদানের জন্য মোবাইল নম্বরসমূহ :

০১৭৯৪ ৬৯২৬০১; ০১৭৩৩ ৯৮৮৫৮১;
০১৭১২ ২৭৪৮৮৭; ০১৭১৭ ০৫৭৬২৪;
০১৫৫২ ৪২৮০৬৮; ০১৫৫২ ৪২৩৭৬৬;
০১৬৮৭ ৯১৩৯৮৫; ০১৯৩৭ ৮০০৮৫৪;
০১৬৭০ ২৯৩১৭৫; ০১৭০৪ ৯৯০১৪৯;
০১৯১১ ৩৪৬৯৯৩

18/02/2020

(অধ্যাপক ড. মো. মিজানুর রহমান)
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর

বিতরণ ঃ
১। সকল বিভাগীয় প্রধান, প্র.বি.ঢাকা- অবগতি ও বিভাগীয় নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
২। সকল হল প্রভোস্ট, প্র.বি. ঢাকা- হল নোটিস বোর্ড ও সকল আবাসিক ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য।
৩। পি.এস টু ভি.সি. প্র.বি. ঢাকা- মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড. প্র. বি. ঢাকা।

F:\Barua\Students Notice.doc

email to all teachers for action and N.B of all corners.

ছাত্রকল্যাণ পরিদপ্তর
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৬৬৫৬২৩, পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০ এক্স-৭১৪৩
ফ্যাক্স: + ৮৮০ ২ ৮৬১৩০২৬

Directorate of Students' Welfare
Bangladesh University of Engineering and Technology
Dhaka-1000, Bangladesh
Tel. 9665623, PABX: 9665650-80 Ext.7143
Fax: + 880 2 8613026 E-mail:dsw @ dsw. buet. ac.bd

নং -ছা:ক/বিবিধ/ডি.আর- ১৪৪(১৪)

তারিখ : ১৮/০২/২০২০

বরাবর
বিভাগীয় প্রধান
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জি. বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

বিষয়: বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং বন্ধের লক্ষ্যে সহযোগিতা প্রসঙ্গে।

জনাব,

আপনি অবগত আছেন যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের ক্লাস আগামী ২২ ফেব্রুয়ারী ২০২০ তারিখ থেকে শুরু হবে। বর্তমানে নবাগত শিক্ষার্থীদের বিভিন্ন আবাসিক হলে আবাসন/সংযুক্তি গ্রহণ কার্যক্রম চলছে। অতীতে র‍্যাগিং এর নামে নবাগত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে হয়রানির ঘটনা ঘটেছে এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে আবাসিক হলসমূহের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টদের নিয়ে হল তদারকির স্বার্থে ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এমতাবস্থায় অতীতের ন্যায় র‍্যাগিং-এর নামে নবাগত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে হয়রানির ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সেই লক্ষ্যে আপনার বিভাগের যে সকল সম্মানিত শিক্ষকমন্ডলী লেভেল-১/ টার্ম-২ এর শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে পাঠদান করবেন সে সকল শিক্ষকমন্ডলীর মাধ্যমে শিক্ষার্থীদের এধরনের অনৈতিক ও বিশ্ববিদ্যালয়ের শৃংখলা পরিপন্থী কার্যকলাপ থেকে বিরত থাকার পরামর্শ দেওয়ার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আমাদের সকলের আন্তরিক ও সম্মিলিত প্রচেষ্টায় আমরা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা এবং নবাগত ও ভবিষ্যত শিক্ষার্থীদের জন্য র‍্যাগিং মুক্ত ক্যাম্পাস নিশ্চিত করতে সক্ষম হব ইনশাআল্লাহ। এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

18/02/2020

অধ্যাপক ড. মো. মিজানুর রহমান
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর
প্র. বি. ঢাকা।

email to all teachers

ছাত্রকল্যাণ পরিদপ্তর
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৬৬৫৬২৩, পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০ এক্স-৭১৪৩
ফ্যাক্স: + ৮৮০ ২ ৮৬১৩০২৬

Directorate of Students' Welfare
Bangladesh University of Engineering and Technology
Dhaka-1000, Bangladesh
Tel. 9665623, PABX: 9665650-80 Ext.7143
Fax: + 880 2 8613026 E-mail:dsw @ dsw. buet. ac.bd

নং -ছা:ক/বিবিধ/ডি.আর- ৯৪৬

তারিখ : ১৮/০২/২০২০

বিষয়: বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং বন্ধের লক্ষ্যে সহযোগিতা প্রসঙ্গে।

শ্রদ্ধেয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের ক্লাস আগামী ২২ ফেব্রুয়ারী ২০২০ তারিখ থেকে শুরু হবে। বর্তমানে নবাগত শিক্ষার্থীদের বিভিন্ন আবাসিক হলে আবাসন/সংযুক্তি গ্রহণ কার্যক্রম চলছে। অতীতে র‍্যাগিং এর নামে নবাগত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে হয়রানির ঘটনা ঘটেছে এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে আবাসিক হলসমূহের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টদের নিয়ে হল তদারকির স্বার্থে ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এমতাবস্থায় অতীতের ন্যায় র‍্যাগিং-এর নামে নবাগত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে হয়রানির ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সেই লক্ষ্যে আপনার উপদেষ্টিত শিক্ষার্থীদের এধরনের অনৈতিক ও বিশ্ববিদ্যালয়ের শৃংখলা পরিপন্থী কার্যকলাপ থেকে বিরত থাকার পরামর্শ দেওয়ার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি ।

আমাদের সকলের আন্তরিক ও সম্মিলিত প্রচেষ্টায় আমরা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা এবং নবাগত ও ভবিষ্যত শিক্ষার্থীদের জন্য র‍্যাগিং মুক্ত ক্যাম্পাস নিশ্চিত করতে সক্ষম হব ইনশাআল্লাহ। এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

18/02/2020

অধ্যাপক ড. মো. মিজানুর রহমান
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর
প্র. বি. ঢাকা।

Email to teachers